

## হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন)-এর অফিসে গত ২৯ জানুয়ারি ২০১৭ইং তারিখে সকাল ১০টায় হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। আরো উপস্থিত ছিলেন পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেক, পরিচালক (মানবসম্পদ) ডা. মোঃ জামাল উদ্দিন খলিফা, শিশু কিডনী বিভাগের সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান, প্রধান প্রকৌশলী জনাব মোঃ শাহজাহান খান, নার্সিং সুপারিনটেন্ডেন্ট শান্তনা রানী দাস প্রমুখ।